

📃 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:১০৪

💵 আরবি মূল আয়াত:

মূসা বলল, 'হে ফির'আউন, আমি তো সকল সৃষ্টির রবের পক্ষ থেকে রাসূল।' — আল-বায়ান
মূসা বলেছিল, হে ফির'আওন! আমি বিশ্বজগতের প্রতিপালকের পক্ষ থেকে প্রেরিত রসূল। — তাইসিরুল
মূসা বললঃ হে ফির'আউন! আমি বিশ্বের রবের একজন রাসূল। — মুজিবুর রহমান

And Moses said, "O Pharaoh, I am a messenger from the Lord of the worlds — Sahih International

১০৪. আর মুসা বললেন, হে ফিরআউন(১), নিশ্চয় আমি সৃষ্টিকুলের রবের কাছ থেকে প্রেরিত।

(১) মিসরীয় শাসকরা শাসন ক্ষমতায় অধিষ্ঠিত হবার পর প্রত্যেকটি শাসক নিজেদের জন্য "ফিরআউন" (ফারাও) উপাধি গ্রহণ করে দেশবাসীর সামনে একথা প্রতিপন্ন করার চেষ্টা করেছে যে, আমি-ই তোমাদের প্রধান রব বা মহাদেব। পরবর্তীতে ফিরআউন শব্দটি অহংকার দান্তিক অর্থে ব্যবহৃত হতে থাকে। কেউ যদি অহংকারী ও দান্তিকতা প্রদর্শন করে তখন বলা হয়, تَفَرُعَنَ فُلاَنٌ বা অমুক দান্তিকতা, অহংকার ও সীমালজ্মনের চূড়ান্ত পর্যায়ে উপনীত হয়েছে। [কাশশাফ] কোন কোন মুফাসসির বলেন, প্রত্যেক চক্রান্তকারী ও ষড়যন্ত্রকারীকে হয়। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১০৪) মূসা বলল, 'হে ফিরআউন! আমি বিশ্ব প্রতিপালকের নিকট হতে প্রেরিত (রসূল)।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1058

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন